

সোনালী ব্যাংক লিমিটেড

ইনফরমেশন টেকনোলজি ডিভিশন-১
প্রধান কার্যালয়, ঢাকা।

Electronic Payment Platform (EPP) প্রকল্প

সোনালী ব্যাংক লিমিটেড প্রচলিত ব্যাংকিং সেবার পাশাপাশি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিভিন্ন রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের পক্ষ থেকে বিভিন্ন প্রকারের আর্থিক সেবা প্রদান করে থাকে। এ সকল সেবা প্রদান কার্যক্রম অদ্যাবধি গতানুগতিক ম্যানুয়াল পদ্ধতি বা আংশিক কম্পিউটারায়িত পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। গ্রাহক সেবার মানোন্নয়ন, সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ এবং সময় ও ব্যয় সাশ্রয়ে উক্ত সেবা প্রদানে Electronic পদ্ধতি প্রবর্তনের কোন বিকল্প নেই। এ সকল সেবা কার্যক্রম অটোমেশনপূর্বক একই প্ল্যাটফর্মের আওতায় আনয়ন করা হলে স্বল্প সময়ে কার্যকরী সেবা প্রদান করা সম্ভব হবে। এ লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক Electronic Payment Platform (EPP) নামক প্রকল্প হাতে নেয়া হয়েছে। ইতোমধ্যে, এ ব্যাপারে ব্যাংক পরিচালনা পর্ষদ নীতিগত সম্মতি প্রদান করেছে।

Electronic Payment Platform (EPP) প্রকল্প Oracle প্ল্যাটফর্মে প্রণয়নাধীন একটি Web based Online Realtime application সফটওয়্যার। এই প্রকল্পে সেবা প্রদানে পূর্ণাঙ্গ Electronic পদ্ধতি অবলম্বন করা হবে। এ ক্ষেত্রে প্রচলিত কম্পিউটার, POS ইত্যাদির পাশাপাশি Biometric Authentication পদ্ধতি ব্যবহার করা হবে। এ ছাড়াও এই প্রকল্পে প্রচলিত POS মেশিনের অনুরূপ সুবিধা সম্বলিত Interactive Virtual POS সংযোজিত থাকবে। দেশের অভ্যন্তরে অবস্থিত সোনালী ব্যাংকের ১,২০৬টি শাখায় এই সেবা চালু করা হবে। এ ছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (a2i) Programme-II এর সহায়তায় সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে অবস্থিত ৫,২৭৫টি ডিজিটাল সেন্টারে এই সেবা প্রদানের ব্যবস্থা করা হবে। অর্থাৎ, EPP প্রকল্পের সর্বমোট সেবা কেন্দ্র হবে; ব্যাংক শাখা ১,২০৬ + ডিজিটাল সেন্টার ৫,২৭৫ = ৬,৪৮১টি।

এই প্রকল্পে প্রাথমিক পর্যায়ে ‘সোনালী ভাতা’ ও ‘P2P Cash’ শিরোনামে ০২ (দুই) ধরনের মডিউল অন্তর্ভুক্ত থাকবে। এ সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ :

সোনালী ভাতা :

সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ‘সামাজিক নিরাপত্তা ভাতা’ প্রকল্পের আওতাভুক্ত বিভিন্ন প্রকার ভাতা, শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি, সরকারী কর্মকর্তা/কর্মচারীদের পেনশন পরিশোধ করা হয়ে থাকে। প্রদত্ত সেবাসমূহ বিভিন্ন ধরনের হওয়ায় ভিন্ন ভিন্ন প্রক্রিয়া অবলম্বনপূর্বক গতানুগতিক ম্যানুয়াল পদ্ধতিতে সেবা কার্যক্রম পরিচালিত হয়। বিভিন্ন প্রকার রাষ্ট্রীয় ভাতাভোগীদেরকে নির্ভুলভাবে স্বল্প সময়ে তাদের প্রাপ্য ভাতা পরিশোধ করার জন্য EPP প্রকল্পের আওতায় ‘সোনালী ভাতা’ সেবা চালু করা হবে। এ সংক্রান্ত প্রাথমিক তথ্যাবলী নিম্নরূপ :

- ১। সোনালী ব্যাংক লিমিটেড থেকে ভাতা উত্তোলনকারী সরকারী ভাতাভোগীদের অনুকূলে ইস্যুকৃত ভাতা বহির তথ্য সম্বলিত Sonali Bhata Database প্রণয়ন করা হবে।
- ২। উক্ত ডাটাবেইজে প্রত্যেক ভাতাভোগীর একটি Unique ID থাকবে। উক্ত আইডি’র বিপরীতে Biometric Authentication পদ্ধতিতে ভাতাভোগীর Finger Vein Enroll করা হবে।
- ৩। ভাতা পরিশোধে প্রতিবার Finger Vein Authentication পদ্ধতি ব্যবহার করা হবে। এতে নিরক্ষর ভাতাভোগীসহ সকল ভাতাভোগীর সনাক্তকরণ সহজ ও নির্ভুল হবে এবং ভাতাভোগীর জীবিত থাকার বিষয়টি নিশ্চিত করা সম্ভব হবে।
- ৪। সরকারী ভাতাভোগীদের ভাতা সংক্রান্ত হিসাব সংরক্ষণের জন্য Sonali Bhata Database এ Digital Ledger Book থাকবে। এতে ভাতাভোগীদের প্রয়োজনীয় সকল প্রকার ব্যক্তিগত তথ্য এবং ভাতা লেনদেন সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষিত থাকবে।
- ৫। ভাতাভোগীগণ যে তারিখে ভাতা প্রাপ্য হবেন, প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করার পর সেই তারিখে ব্যাংকিং



কার্যসময় শুরু হওয়ার সাথে সাথে Digital Ledger Book এ তার আইডি'র বিপরীতে প্রাপ্য ভাতা পরিশোধের জন্য Available হয়ে যাবে।

- ৬। এই ব্যাংকের যে কোন শাখা অথবা দেশের যে কোন ডিজিটাল সেন্টারে ভাতাভোগী উপস্থিত হলে Finger Vein Authentication পদ্ধতিতে তাকে সনাক্তকরণপূর্বক ভাতা পরিশোধ করা হবে।
- ৭। Sonali Bhata Database এ যে সকল ভাতাভোগীর মোবাইল ফোন নং অন্তর্ভুক্ত থাকবে, তাদের মোবাইল ফোনে প্রাপ্য ভাতা Available হওয়ার তথ্য এবং পরিশোধ সংক্রান্ত তথ্য সম্বলিত sms প্রেরণ করা হবে।
- ৮। 'সোনালী ভাতা' মডিউলে সরকারী ভাতা উত্তোলন/পরিশোধের ৪টি পদ্ধতি থাকবে। যথাঃ- নগদে পরিশোধ, Sonali Pre-paid Card এ পরিশোধ, ব্যাংক হিসাবে পরিশোধ এবং মোবাইল ব্যাংকিং হিসাবে পরিশোধ।
- ৯। ভাতাভোগী ভাতা উত্তোলনের জন্য তার সুবিধা অনুযায়ী যে কোন একটি পদ্ধতি ব্যবহার করতে পারবেন। ভাতা বহির তথ্য সম্বলিত Sonali Bhata Database প্রণয়নকালে তিনি যে পদ্ধতিতে ভাতা উত্তোলনে ইচ্ছুক তা নির্ধারণ করবেন। পরবর্তীতে ভাতা পরিশোধকালে তার নির্দেশিত পদ্ধতি অনুসরণ করা হবে। তবে, ভাতাভোগী তার প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণপূর্বক ভাতা উত্তোলনের পদ্ধতি পরিবর্তন করতে পারবেন।
- ১০। নগদ উত্তোলনের ক্ষেত্রে ভাতাভোগীকে তার ভাতাবহির সাধারণ তথ্যের অতিরিক্ত কোন তথ্য প্রদান করতে হবে না। তবে, অন্য পদ্ধতিসমূহে ভাতা উত্তোলনের ক্ষেত্রে তাকে Sonali Bhata Database এ অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। যথাঃ- প্রি-পেইড কার্ড নং ও সংশ্লিষ্ট অন্যান্য তথ্য, ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্য ও মোবাইল ব্যাংকিং হিসাব সংক্রান্ত তথ্য। প্রি-পেইড কার্ড ও মোবাইল ব্যাংকিং হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলনে ইচ্ছুক ভাতাভোগীর মোবাইল নং বাধ্যতামূলক থাকবে। ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলনে ইচ্ছুক ভাতাভোগীর এই ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক হিসাব থাকতে হবে।

বিভিন্ন পদ্ধতিতে ভাতা পরিশোধ প্রক্রিয়া নিম্নে বর্ণিত হলো :

ক) নগদে ভাতা পরিশোধ :

- ১। ভাতা গ্রহণের জন্য উপস্থিত ভাতাভোগীর সনাক্তকরণ সম্পন্ন হলে সংশ্লিষ্ট ভাতাভোগীর Digital Ledger Book এ নগদ পরিশোধ সংক্রান্ত লেনদেন পোস্টিং দেয়া হবে।
- ২। লেনদেন পোস্টিং সম্পন্ন হলে ব্যাংক শাখা/ ডিজিটাল সেন্টার থেকে তাকে নগদে ভাতা পরিশোধ করা হবে।

খ) Sonali Pre-paid Card ব্যবহার করে ভাতা পরিশোধ :

- ১। এই ব্যাংকে Sonali Pre-paid Card নামে একটি প্রি-পেইড কার্ড চালু রয়েছে। সরকারী ভাতাভোগীগণ Sonali Pre-paid Card এর মাধ্যমে ভাতা উত্তোলনে ইচ্ছুক হলে এই ব্যাংকের যে কোনো শাখা থেকে Sonali Pre-paid Card ইস্যু সংক্রান্ত আবেদনপত্র ও KYC Form সংগ্রহ করতে পারেন। নিকটস্থ শাখায় জাতীয় পরিচয়পত্র অথবা ছবি সংযুক্ত অন্য যে কোন বৈধ পরিচয়পত্র এবং তার ব্যবহৃত মোবাইল নম্বরসহ পূরণকৃত KYC Form জমা দিলে ভাতাভোগীর অনুকূলে শূণ্য ব্যালেন্সে বিনামূল্যে একটি Sonali Pre-paid Card ইস্যু করা হবে। Sonali Pre-paid Card এর তথ্য Sonali Bhata Database এ সংরক্ষিত থাকবে।
- ২। ভাতা উত্তোলনের জন্য উপস্থিত ভাতাভোগীর সনাক্তকরণ সম্পন্ন হলে ভাতা বাবদ প্রাপ্য অর্থ সংশ্লিষ্ট Digital Ledger Book থেকে তার Sonali Pre-paid Card এ স্থানান্তর সংক্রান্ত লেনদেন পোস্টিং দেয়া হবে এবং Sonali Bhata Database এ সংরক্ষিত তথ্য অনুযায়ী তার Sonali Pre-paid Card এ উক্ত টাকা স্বয়ংক্রিয়ভাবে ক্রেডিট হবে।
- ৩। Sonali Pre-paid Card এ ভাতা ক্রেডিট হওয়া সংক্রান্ত তথ্যসম্বলিত sms ভাতাভোগীর মোবাইল ফোনে প্রেরণ করা হবে।
- ৪। ভাতাভোগীগণ তাদের সুবিধাজনক সময়ে প্রি-পেইড কার্ড ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এবং Q-Cash কনসোর্টিয়ামের সকল ATM থেকে প্রাপ্য ভাতা উত্তোলন করতে পারবেন। ভাতাভোগীগণ প্রি-পেইড কার্ডের অন্যান্য সুবিধাও যথারীতি ভোগ করতে পারবেন।
- ৫। কোন ভাতাভোগী Sonali Pre-paid Card ব্যবহার করে ATM থেকে টাকা উত্তোলনে অপারগ/ব্যর্থ হলে,



তিনি ব্যাংক কাউন্টার থেকেও উক্ত কার্ড প্রদর্শন করে নগদ টাকা উত্তোলন করতে পারবেন। এ ক্ষেত্রে তাকে Sonali Pre-paid Card ও কার্ড সংশ্লিষ্ট রেজিস্টার্ড মোবাইল ফোন নিয়ে ব্যাংকের যে কোন শাখায় আসতে হবে। শাখায় ব্যবহৃতব্য EPP'র Virtual POS ব্যবহার করে প্রয়োজনীয় সনাক্তকরণ শেষে ব্যাংক কাউন্টার থেকে Sonali Pre-paid Card এর বিপরীতে নগদ পরিশোধ করা হবে।

গ) ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা পরিশোধ :

- ১। শুধুমাত্র সোনালী ব্যাংক লিমিটেড এ রক্ষিত সঞ্চয়ী ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা পরিশোধ করা হবে। ভাতা পরিশোধ কার্যক্রম সম্পাদনের জন্য ব্যাংকের বিদ্যমান CBS এর সাথে EPP'র ইন্টারফেস প্রস্তুত করা হবে।
- ২। ভাতা উত্তোলনের জন্য উপস্থিত ভাতাভোগীর সনাক্তকরণ সম্পন্ন হলে তার প্রাপ্য ভাতার অংক সংশ্লিষ্ট Digital Ledger Book থেকে ব্যাংক হিসাবে স্থানান্তর সংক্রান্ত লেনদেন পোস্টিং দেয়া হবে।
- ৩। উক্ত লেনদেন পোস্টিং দেয়ার পর তার ভাতার টাকা সঞ্চয়ী হিসাবে স্বয়ংক্রিয়ভাবে ক্রেডিট হয়ে যাবে। ভাতাভোগী সাধারণ ব্যাংকিং নিয়ম অনুসরণ করে তার সুবিধাজনক সময়ে উক্ত টাকা উত্তোলন করতে পারবেন।

ঘ) মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভাতা পরিশোধ :

- ১। এই ব্যাংক কর্তৃক বিভিন্ন মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে একটি করে কর্পোরেট মোবাইল ওয়ালেট খোলা হবে। ভাতা পরিশোধ কার্যক্রম সম্পাদনের জন্য EPP'র সাথে মোবাইল ওয়ালেট এর ইন্টারফেস থাকবে।
- ২। সরকারী ভাতা পরিশোধকালীন সময়ে নির্দিষ্ট সরকারী কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত মোট অর্থ থেকে মোবাইল ব্যাংকিং হিসাবধারী ভাতাভোগীদের প্রাপ্য টাকা ব্যাংকের মোবাইল ওয়ালেটে জমা করা হবে।
- ৩। ভাতা গ্রহণের জন্য উপস্থিত ভাতাভোগীর সনাক্তকরণ সম্পন্ন হলে তার প্রাপ্য ভাতার অংক সংশ্লিষ্ট Digital Ledger Book থেকে মোবাইল ব্যাংকিং হিসাবে স্থানান্তর সংক্রান্ত লেনদেন পোস্টিং দেয়া হবে।
- ৪। Digital Ledger Book থেকে ব্যাংকের মোবাইল ওয়ালেটের মাধ্যমে Online Realtime ভিত্তিতে নির্দিষ্ট ভাতাভোগীর প্রাপ্য টাকা তার মোবাইল ব্যাংকিং হিসাবে স্থানান্তর (ট্রান্সফার) করা হবে।

মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সরকারী চার্জ/ফি আদায় প্রক্রিয়া :

- ১। সরকারী চার্জ/ফি প্রদানে আত্মহী নাগরিকগণ অনলাইনে NBR-Sonali Bank ePayment Portal ব্যবহার করে ফি পরিশোধ করতে চাইলে তিনি ৩টি Payment Mode ব্যবহার করতে পারবেন, যথা- ব্যাংক হিসাব, প্রি-পেইড কার্ড, মোবাইল ব্যাংকিং একাউন্ট।
- ২। অনলাইনে চার্জ/ফি পরিশোধকালে প্রয়োজনীয় সকল তথ্য এন্ট্রি করার পর পরিশোধকারী কর্তৃক Payment Mode মোবাইল ব্যাংকিং একাউন্ট নির্বাচন করা হলে তাকে ePayment Portal এ নিজের মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর, টাকার অংক ইত্যাদি তথ্য স্বহস্তে পূরণ করে টাকা পরিশোধ করতে হবে।
- ৩। উক্ত প্রক্রিয়ায় চার্জ/ফি পরিশোধকারীর মোবাইল ব্যাংকিং হিসাব বিকলনপূর্বক ব্যাংকের মোবাইল ওয়ালেটে টাকা জমা হবে। এটি একটি সাধারণ মোবাইল ব্যাংকিং মানি ট্রান্সফার প্রক্রিয়া।
- ৪। ব্যাংকের সাথে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সম্পাদিতব্য চুক্তি/সমঝোতা স্মারক অনুযায়ী মোবাইল ওয়ালেটে জমাকৃত টাকা সংগ্রহ করে একই দিনে তা সরকারী কোষাগারে জমা দেয়া হবে।

উপকারিতা/ সুফলঃ

- ১। সরকারী ভাতা পরিশোধ প্রক্রিয়া ডিজিটলাইজড বা অটোমেটেড হবে। ভাতা সংক্রান্ত হিসাব প্রক্রিয়া সহজ হবে।
- ২। ভাতাভোগীর ভাতা উত্তোলনে সময় সাশ্রয় হবে। ভাতাভোগীর নির্দিষ্ট আইডি বা ভাতা হিসাবে সংশ্লিষ্ট মাসের ভাতা ক্রেডিট হওয়ার পর যে কোনো দিন যে কোনো সময় ভাতা উত্তোলন করতে পারবেন।
- ৩। Biometric Authentication পদ্ধতিতে নিরক্ষর ভাতাভোগীদেরকে সহজেই Enroll ও সনাক্ত করা যাবে।
- ৪। ব্যাংকে না এসেও ভাতাভোগীগণ ভাতার টাকা উত্তোলন করতে পারবেন।
- ৫। মোবাইল ফোন ব্যবহারকারী ভাতাভোগীগণ sms এর মাধ্যমে তার ভাতা সংক্রান্ত তথ্য জানতে পারবেন।
- ৬। ভাতাভোগীগণ প্রি-পেইড কার্ড ব্যবহারসহ কার্ড ব্যাংকিংয়ের অন্যান্য সুবিধাও ভোগ করতে পারবেন।



Person to Person Cash (P2P Cash)

বিভিন্ন কারণে দেশের প্রাপ্তবয়স্ক নাগরিকদের সিংহভাগ এখনো ব্যাংকিং-সুবিধা বঞ্চিত রয়েছেন। নিরক্ষরতা, ব্যাংকিং সেবা সম্পর্কে ধারণা না থাকা বা ভুল ধারণা থাকা ইত্যাদি কারণে তারা ব্যাংকের সেবা গ্রহণে আগ্রহী হন না। কিন্তু ব্যাংকের প্রাথমিক পর্যায়ের কিছু সেবা সকল নাগরিকেরই প্রয়োজন হয়, যথা- নগদ অর্থ সঞ্চয়, অর্থ স্থানান্তর ইত্যাদি। এ বিষয়ে অজ্ঞতা এবং ব্যাংক হিসাব পরিচালনার কিছু অবশ্য-পালনীয় নিয়ম-কানুন মেনে চলতে অনিচ্ছা বা অপারগতার ফলে অশিক্ষিত বা অল্প শিক্ষিত নাগরিকদের মধ্যে ব্যাংক-ভীতি গড়ে উঠেছে। এ জন্য তারা বিভিন্ন অবৈধ পন্থায় অর্থ স্থানান্তর, সঞ্চয় ইত্যাদি করে থাকে। দেশের ব্যাংকিং সেবা-বঞ্চিত নাগরিকসহ সকলকে ব্যাংকিং চ্যানেলে সহজ পন্থায় অর্থ স্থানান্তর সুবিধা প্রদানের স্বার্থে এই ব্যাংক Electronic Payment Platform (EPP) প্রকল্পের আওতায় P2P Cash মডিউলের মাধ্যমে হিসাববিহীন অর্থ স্থানান্তর প্রক্রিয়া প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

প্রসঙ্গতঃ উল্লেখ্য, সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব রেমিট্যান্স ম্যানেজমেন্ট সিস্টেম RMS^{Plus} এর আওতায় Any Branch Spot Cash ও Direct Cash পদ্ধতির মাধ্যমে সকল শাখায় বৈদেশিক রেমিট্যান্স কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। বহির্বিশ্ব থেকে প্রেরিত বৈদেশিক রেমিট্যান্সের উপকারভোগী ব্যাংকের যে কোন শাখা থেকে রেমিট্যান্সের টাকা উত্তোলন করতে পারেন। এ ক্ষেত্রে পরিশোধকারী শাখায় উপকারভোগীর হিসাব খোলার/ থাকার কোন প্রয়োজন হয় না। বৈদেশিক রেমিট্যান্স বিতরণ প্রক্রিয়ার অনুরূপ পদ্ধতিতে দেশের অভ্যন্তরে ব্যাংকিং চ্যানেলে ব্যাংক হিসাববিহীন অর্থ স্থানান্তর সেবা প্রবর্তন করার লক্ষ্যে EPP প্রকল্পের আওতায় এই ব্যাংকে Person to Person Cash বা P2P Cash সেবা চালু করা হবে।

P2P Cash সেবা সংক্রান্ত প্রাথমিক তথ্যাবলী নিম্নরূপ :

ক) গ্রাহক রেজিস্ট্রেশন :

- ১। বাংলাদেশে প্রচলিত যে কোন মোবাইল ফোনের গ্রাহক P2P Cash সেবার গ্রাহক হতে পারবেন। গ্রাহক রেজিস্ট্রেশনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত “Guideline on Mobile Financial Services (MFS) for the Banks” এর Annex-I এ সংযুক্ত KYC Profile Form ব্যবহার করা হবে।
- ২। সোনালী ব্যাংক লিমিটেড এর সকল শাখায় গ্রাহক রেজিস্ট্রেশন এবং নগদ অর্থ জমা ও উত্তোলন করা যাবে। সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়নে অবস্থিত ডিজিটাল সেন্টারে শুধুমাত্র অর্থ জমা ও উত্তোলন করা যাবে।
- ৩। P2P Cash সেবার গ্রাহক হতে ইচ্ছুক ব্যক্তি এই ব্যাংকের নিকটস্থ শাখা থেকে KYC Profile Form সংগ্রহ করে তা পূরণপূর্বক জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ একই শাখায় জমা করবেন। উক্ত ফরমে মোবাইল নম্বর লিখা বাধ্যতামূলক। মোবাইল নম্বর ব্যতীত গ্রাহক রেজিস্ট্রেশন করা হবে না এবং একই মোবাইল নম্বর দ্বারা একাধিক গ্রাহক রেজিস্ট্রেশন করা যাবে না।
- ৪। EPP প্রকল্পে P2P Cash নামে একটি ডাটাবেইজ থাকবে। শাখা থেকে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক উক্ত KYC Profile Form এর তথ্যাবলী P2P Cash ডাটাবেইজ এর Global KYC Module এ এন্ট্রিপূর্বক ফরমসহ সকল কাগজপত্র শাখায় সংরক্ষণ করবে। KYC Profile Form এ উল্লেখিত মোবাইল নম্বর গ্রাহকের Customer ID হিসেবে ব্যবহৃত হবে। উক্ত গ্রাহক পরবর্তীতে ব্যাংকের যে কোন শাখায় P2P Cash পদ্ধতিতে লেনদেন করতে পারবেন।
- ৫। Global KYC Module এ ডাটা এন্ট্রি করা হলে গ্রাহকের মোবাইলে তাৎক্ষণিকভাবে স্বল্প সময়ের মেয়াদে ৪ অংকের One time activation code সম্বলিত একটি sms প্রেরিত হবে। উক্ত কোড Global KYC Module এ এন্ট্রি করা হলে Customer ID সচল হবে। এই মোবাইল নম্বর/ Customer ID সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখায় P2P Cash System এ এন্ট্রি করা হলে গ্রাহকের KYC ও লেনদেন সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী প্রদর্শিত হবে।

খ) টাকা জমা গ্রহণ ও প্রেরণ :

- ১। P2P Cash পদ্ধতিতে প্রেরণের জন্য শুধুমাত্র নগদ টাকা জমা গ্রহণ করা হবে। রেজিস্টার্ড গ্রাহক P2P Cash পদ্ধতিতে টাকা প্রেরণের জন্য নির্দিষ্ট পে-ইন স্লিপ পূরণ করে ব্যাংক কাউন্টারে টাকা জমা দেবেন। পে-ইন স্লিপ



- বা জমা ফরমে প্রেরক ও প্রাপকের মোবাইল নম্বর লিখা বাধ্যতামূলক।
- ২। P2P Cash পদ্ধতিতে টাকা পরিশোধের ২টি Mode থাকবে। যথা : Cash ও Card. টাকা প্রেরণকারী বা রেমিটার P2P Cash পদ্ধতিতে টাকা প্রেরণকালে প্রাপক কর্তৃক টাকা উত্তোলনের জন্য যে কোন একটি Mode নির্ধারণ করবেন। সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক ইস্যুকৃত Sonali Pre-paid Card এর গ্রাহকদের নিকট টাকা প্রেরণেই শুধুমাত্র Card মোড নির্ধারণ করা যাবে। এ ক্ষেত্রে জমা ফরমে প্রাপকের Sonali Pre-paid Card নং লিখা বাধ্যতামূলক।
 - ৩। শাখা কর্তৃক টাকা জমা গ্রহণ করার পর রেমিটারের পরিচয় নিশ্চিত হওয়ার জন্য P2P Cash System এ তার Customer ID এন্ট্রি করা হবে। তাৎক্ষণিকভাবে রেমিটারের মোবাইল ফোনে ৪ অংকের One time verification code সম্বলিত একটি sms প্রেরিত হবে। উক্ত কোড নং P2P Cash System এ এন্ট্রি করা হলে গ্রাহকের পরিচয় সনাক্তকরণপূর্বক টাকা প্রেরণ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি ডাটা এন্ট্রির জন্য মনিটরে একটি ফরম প্রদর্শিত হবে। এই পর্যায়ে ব্যাংকের sms সার্ভার থেকে রেমিটারের মোবাইল ফোনে টাকা প্রেরণের তথ্য এবং PIN সম্বলিত একটি sms যাবে।
 - ৪। রেমিট্যান্স পরিশোধের জন্য Cash মোড নির্ধারণ করা থাকলে রেমিটারের মোবাইলে প্রেরিত sms এ একটি PIN নম্বর থাকবে যা টাকা প্রাপককে অবহিত করার জন্য অথবা প্রাপ্ত sms প্রাপককে ফরোয়ার্ড করার জন্য রেমিটারকে একই sms এ অনুরোধ করা হবে।
- গ) P2P Cash পদ্ধতিতে প্রেরিত টাকা নগদে পরিশোধ :
- ১। টাকা প্রাপক রেজিস্টার্ড গ্রাহক হলে রেমিটার কর্তৃক সরবরাহকৃত PIN ও মোবাইল ফোন নিয়ে ব্যাংকের যে কোন শাখা বা ডিজিটাল সেন্টারে যাবেন। প্রাপকের উপস্থাপিত PIN নম্বর P2P Cash System এ এন্ট্রি করা হলে প্রাপকের মোবাইল ফোনে ৪ অংকের One time payment verification code সম্বলিত একটি sms প্রেরিত হবে। উক্ত কোড নং P2P Cash System এ এন্ট্রি করা হলে প্রাপকের পরিচয় নিশ্চিতকরণপূর্বক নগদ পরিশোধের ভাউচার প্রিন্ট হবে।
 - ২। প্রাপক P2P Cash System এর রেজিস্টার্ড গ্রাহক না হলে তার মোবাইলে One time payment verification code সম্বলিত sms যাবে না। এই পর্যায়ে টাকা প্রাপককে তাৎক্ষণিকভাবে KYC Profile Form পূরণ করে শাখা বা ডিজিটাল সেন্টারে জমা দিতে হবে। ব্যাংক শাখা বা ডিজিটাল সেন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রাপকের মোবাইল ফোনে Call দিয়ে তার ব্যবহৃত মোবাইল নম্বর সম্পর্কে নিশ্চিত হয়ে তার প্রাপ্য টাকা পরিশোধ করবেন। এই নিয়মে কোন মোবাইল ব্যবহারকারীকে শুধু একবার টাকা পরিশোধ করা যাবে। রেজিস্ট্রেশন বিহীন এই লেনদেন P2P Cash System এ সংরক্ষিত থাকবে এবং একই নিয়মে এই মোবাইল ব্যবহারকারীকে পরবর্তীতে আর কখনো টাকা পরিশোধ করা হবে না।
- ঘ) P2P Cash পদ্ধতিতে প্রেরিত টাকা Sonali Pre-paid Card এর মাধ্যমে পরিশোধ :
- ১। P2P Cash System এর সাথে এই ব্যাংকের Card Management System এর Interface থাকবে। রেমিট্যান্স পরিশোধে Card মোড নির্বাচন করা থাকলে টাকা প্রাপক বা উপকারভোগীর Sonali Pre-paid Card এ উক্ত টাকা Available হবে।
 - ২। প্রাপ্য টাকা Available হওয়ার পর গ্রাহক তার ব্যবহৃত Sonali Pre-paid Card এর মাধ্যমে এই ব্যাংকের আওতাভুক্ত ATM থেকে টাকা উত্তোলন করতে পারবেন। এ ছাড়াও তিনি Sonali Pre-paid Card এর অন্যান্য সকল সুবিধাও তিনি যথারীতি ভোগ করবেন। এক্ষেত্রে তার Sonali Pre-paid Card এর একাউন্ট এর ব্যালেন্স স্বয়ংক্রিয়ভাবে ডেবিট হবে।
- ঙ) P2P Cash পদ্ধতিতে Sonali Pre-paid Card এ প্রেরিত টাকা Virtual POS এর মাধ্যমে পরিশোধ :
- কোন উপকারভোগী Sonali Pre-paid Card এ প্রেরিত টাকা ATM থেকে টাকা উত্তোলনে অপারগ/ব্যর্থ হলে তিনি উক্ত কার্ড প্রদর্শন করে ব্যাংক কাউন্টার থেকে Virtual POS এর মাধ্যমে নগদ টাকা উত্তোলন করতে পারবেন। এ ক্ষেত্রে তাকে Sonali Pre-paid Card ও কার্ড সংশ্লিষ্ট রেজিস্টার্ড মোবাইল ফোন নিয়ে ব্যাংকের যে কোন শাখায় আসতে হবে। Virtual POS এর মাধ্যমে নগদ টাকা পরিশোধের সাথে সাথে তার প্রি-পেইড কার্ড একাউন্ট এর ব্যালেন্স স্বয়ংক্রিয়ভাবে ডেবিট হবে।



চ) P2P Cash পদ্ধতিতে বৈদেশিক রেমিট্যান্স পরিশোধ :

P2P Cash System এ বৈদেশিক রেমিট্যান্স পরিশোধের ব্যবস্থা থাকবে। এ ক্ষেত্রে রেমিট্যান্সের উপকারভোগীকে যথানিয়মে P2P Cash System এ রেজিস্ট্রেশন করতে হবে। তার মোবাইল নম্বর বা Customer ID এর বিপরীতে বহির্বিশ্ব থেকে রেমিট্যান্স প্রেরণ করা যাবে। এ ক্ষেত্রে রেমিটার যদি টাকা পরিশোধের পদ্ধতি হিসেবে Cash মোড নির্ধারণ করেন তবে উপকারভোগীর মোবাইল ফোনে PIN নম্বরসহ একটি sms আসবে। উক্ত PIN ব্যবহার করে ব্যাংক কাউন্টার থেকে রেমিট্যান্স পরিশোধ করা হবে। রেমিটার কর্তৃক Card মোড নির্বাচন করা হলে উপকারভোগী তার ব্যবহৃত সোনালী ব্যাংক প্রি-পেইড কার্ডের মাধ্যমে বৈদেশিক রেমিট্যান্সের টাকা উত্তোলন করতে পারবেন।

ছ) এজেন্ট এর মাধ্যমে P2P Cash সেবা :

ব্যাংকের কার্যসময়ের পূর্বে-পরে ও ছুটির দিনে P2P Cash সেবা প্রদান বা জনবসতির নিকটতম স্থানে P2P Cash সেবা পৌঁছে দেয়ার জন্য ব্যাংক কর্তৃক অনুমোদিত এজেন্ট এর সহায়তা গ্রহণ করা যেতে পারে। নিয়োজিতব্য এজেন্ট কর্তৃক P2P Cash সেবা প্রদানের স্বার্থে P2P Cash System এ Finger Vein Identification পদ্ধতিতে গ্রাহক সনাক্তকরণ সুবিধা থাকবে। এজেন্ট এর মাধ্যমে P2P Cash সেবা গ্রহণে ইচ্ছুক গ্রাহকদের রেজিস্ট্রেশনকালে পরবর্তী সনাক্তকরণের স্বার্থে গ্রাহকের Finger Vein রেকর্ড করা হবে। পরবর্তী সকল লেনদেনের সময় গ্রাহকের মোবাইল নম্বর ও Finger Vein তার সনাক্তকরণে ব্যবহার করা হবে। এজন্য সকল P2P Cash এজেন্টকে Biometric POS মেশিন ব্যবহার করতে হবে। Finger Vein Identification পদ্ধতিতে নিরক্ষর গ্রাহককেও P2P Cash সেবা প্রদান করা যাবে।

উপকারিতা/সুফল :

- ১। দেশের সকল অঞ্চলে এই ব্যাংকের শাখা থাকায় সকল মোবাইল ব্যবহারকারী এই সেবায় উপকৃত হবেন।
- ২। P2P Cash সেবা মোবাইল অপারেটর ও পরিপূর্ণভাবে এজেন্ট নির্ভরতার পরিবর্তে শাখা নির্ভর হওয়ায় এবং এতে Auto Reconciliation সুবিধা থাকায় জাল-জালিয়াতি ও অবৈধ লেনদেনের সম্ভাবনা হ্রাস পাবে।
- ৩। ব্যাংকের হিসাবধারী গ্রাহকদের পাশাপাশি যাদের কোন ব্যাংক হিসাব নেই, তারাও ৬,৪৮১টি সেবাকেন্দ্রের মাধ্যমে নির্দিষ্ট ব্যক্তির অনুকূলে টাকা স্থানান্তর করতে পারবেন।
- ৪। প্রেরিত টাকার প্রাপক/বেনিফিশিয়ারী ব্যাংকের যে কোনো শাখা বা যে কোন 'ডিজিটাল সেন্টার' থেকে টাকা উত্তোলন করতে পারবেন। এজন্য তার কোন হিসাব বা চেক বইয়ের প্রয়োজন হবে না। প্রাপক/বেনিফিশিয়ারী এই ব্যাংকের প্রি-পেইড কার্ড ব্যবহার করলে তিনি ব্যাংকে না গিয়েই টাকা উত্তোলনে সক্ষম হবেন।
- ৫। হিসাবধারী গ্রাহক ছাড়াও অন্য গ্রাহকদেরকে এই সেবা প্রদান করা যাবে। এমনকি নিরক্ষর গ্রাহকগণও অনায়াসে এই সেবা গ্রহণ করতে পারবেন।
- ৬। দেশের অভ্যন্তরে ন্যূনতম খরচে এই সেবার মাধ্যমে আন্তঃব্যক্তিক লেনদেন করা যাবে।
- ৭। নিয়মিত টাকা প্রেরণকারীগণ ব্যাংকিং চ্যানেলে টাকা স্থানান্তরে উৎসাহিত হবেন। মানি লন্ডারিং হ্রাস পাবে।
- ৮। ব্যাংকের কার্যসময়ের পূর্বে-পরে ও ছুটির দিনে সেবা প্রদানের জন্য এজেন্ট সুবিধা থাকবে।

Electronic Payment Platform (EPP) প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশ সরকারের সম্ভাব্য সুবিধা :

- ১। বাংলাদেশ সরকার কর্তৃক জনগণকে প্রদেয় ভাতা পরিশোধে G2P সেবা এবং জনগণের নিকট থেকে সরকারের ধার্যকৃত বিভিন্ন ফি/চার্জ ইত্যাদি সংগ্রহে P2G সেবা ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পাদন করা যাবে।
- ২। নিরক্ষর ভাতাভোগীকে এই প্রক্রিয়ায় সহজে সনাক্তকরণপূর্বক তার প্রাপ্য ভাতা পরিশোধ সম্ভব হবে।
- ৩। বহির্বিশ্বে কর্মরত প্রবাসী বাংলাদেশীদের নিকট থেকে আহরিত সকল ধরনের বৈদেশিক রেমিট্যান্স (নগদ বা হিসাবভিত্তিক) এই পদ্ধতির আওতায় বিতরণ করা যাবে।
- ৪। ব্যাংক হিসাব না থাকলেও দেশের অভ্যন্তরে বৈধ পস্থায় ব্যাংকিং চ্যানেলে আন্তঃব্যক্তিক লেনদেন করা যাবে।
- ৫। দেশব্যাপী বিস্তৃত এই ব্যাংকের শাখা ও ইউনিয়ন তথ্যকেন্দ্রসহ মোট ৬,৪৮১টি কেন্দ্র থেকে এই সেবা প্রদান করা যাবে, ফলে ভাতাভোগীগণ স্বল্প সময়ে নিকটবর্তী কেন্দ্র থেকে তার ভাতা গ্রহণে সক্ষম হবেন।
- ৬। লেনদেন প্রক্রিয়া, রিপোর্টিং, Auto Reconciliation সহ সকল কাজ নির্ভুলভাবে সম্পন্ন করা সম্ভব হবে।

